

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৫/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ কুতুব উদ্দিন
পিতা-মরহুম মৌলবী শফিউদ্দিন
ই-৩৪,
র্যাভ-২ এর পশ্চিম পাশে
আগারগাঁও, ঢাকা-১২০৭।

প্রতিপক্ষ : জনাব আমিরুল ইসলাম
উপ-সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৮-০১-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ২৫-০৬-২০১৩ তারিখে কৃষি মন্ত্রণালয়ের উপ-সচিব (প্রঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

কৃষি সচিব মহোদয় বরাবরে লিখিত গত ২৫-০৬-২০০৯ তারিখের আবেদনের বিষয়ে সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত তথ্য।
[২৫-০৬-২০০৯ তারিখে সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে আবেদনকারী কর্তৃক প্রার্থিত তথ্যঃ

- ব্রাজিলের ১০ কোটি হেক্টর অনাবাদি কৃষি জমি ইজারা নেয়ার প্রস্তাব পেশকরে মাননীয় কৃষি মন্ত্রী কর্তৃক ব্রাজিল সফরের উদ্যোগ গ্রহণ প্রসংগে।
উক্ত পত্রের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত সংক্রান্ত তথ্যাদি এবং উক্ত পত্র কর্তৃপক্ষের নিকট উপস্থাপিত না হয়ে থাকলে, উপস্থাপন না করার কারণ সংক্রান্ত তথ্যাদি।]

০২। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না পাওয়ায় ১৪-১১-২০১৩ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর আবেদনটি খারিজপূর্বক নিষ্পত্তি করা হলে অভিযোগকারী ২৯-১২-২০১৩ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৯-০১-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৮-০১-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন; প্রতিপক্ষ, কৃষি মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব আমিরুল ইসলাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরও উল্লেখ করেন যে, ডিসকভারী চ্যানেল এবং বিভিন্ন সংবাদ পত্রের মাধ্যমে জানতে পেরে উল্লিখিত বিষয়ে তথ্য প্রাপ্তির আবেদন করেছেন।

০৫। কৃষি মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, ব্রাজিলের ১০ কোটি হেক্টর অনাবাদি কৃষি জমি ইজারা নেয়ার প্রস্তাব পেশকরে মাননীয় কৃষি মন্ত্রী কর্তৃক ব্রাজিল সফরের উদ্যোগ গ্রহণ সংক্রান্ত কোন তথ্য কৃষি মন্ত্রণালয়ে নেই। ব্রাজিলের ১০ কোটি হেক্টর অনাবাদি কৃষি জমি ইজারার বিষয়ে মন্ত্রণালয়ে কোন কার্যক্রম গৃহীত হয়নি। এ বিষয়ে ব্রাজিল সরকারে সাথে কোন আলোচনা ও চুক্তি সম্পাদিত হয়নি। অভিযোগকারীকে উল্লিখিত বিষয়ে তার কার্যালয়ে কোন তথ্য নেই মর্মে পত্র প্রেরণপূর্বক অবগত করা হয়েছে।

(অঃ পৃঃ দ্রঃ)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থিত তথ্যের বিষয়ে ব্রাজিল সরকার ও বাংলাদেশের মধ্যে কোন আলোচনা ও চুক্তি সম্পাদন না হওয়ায় এ বিষয়ে কোন তথ্য প্রাপ্তির আবেদন দাখিল করা যুক্তিযুক্ত নয় মর্মে কমিশন মনে করেন।

সিদ্ধান্ত।

যেহেতু, ব্রাজিলের ১০ কোটি হেক্টর অনাবাদি কৃষি জমি ইজারা নেয়ার বিষয়ে ব্রাজিল সরকার ও বাংলাদেশের মধ্যে কোন আলোচনা ও চুক্তি সম্পাদিত হয়নি, সেহেতু, এ বিষয়ে প্রশ্ন উত্থাপন অবাস্তুর বিবেচনায় অভিযোগটি খারিজপূর্বক নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার